

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
হাসপাতাল-৪ অধিশাখা

নং-৪৫.১৫৭.১১৬.০০.০০.০০২.২০১৫- ১ ৫৭

তারিখঃ ১২-০৫-২০১৬ খ্রিঃ

বিষয়ঃ ২০১৫-১৬ অর্থ বছরে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর অনুকূলে ব্যয় মঞ্জুরী প্রদান।

সূত্রঃ ৪৫.১৫৫.০৫৬.০০.০১৪.২০১৫.৬৮৯, তারিখঃ ০১/১২/২০১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মাধ্যমে ২০১৫-১৬ অর্থ বছরে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর অনুকূলে স্মারক নং-৬৮৯, তারিখঃ ০১/১২/২০১৫ মোতাবেক ব্যয় মঞ্জুরীর প্রস্তাব প্রেরনের জন্য অনুরোধ করা হয়। কিন্তু আপনার জেলা হতে এখনও কোন প্রস্তাব পাওয়া যায়নি। জরুরীভিত্তিতে প্রয়োজনীয় সকল কাগজপত্রসহ ব্যয়মঞ্জুরীর প্রস্তাব আগামী ৩০/০৫/২০১৬ এর মধ্যে প্রেরন করা প্রয়োজন। অন্যথায় ব্যয় মঞ্জুরী প্রদানের লক্ষে কাগজপত্র পর্যালোচনা কষ্টকর হয়। তাই ব্যয় মঞ্জুরীর বিষয়টি বিবেচনা করা সম্ভব হয় না।

২। এমতাবস্থায় ২০১৫-২০১৬ অর্থ বছরে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর অনুকূলে স্মারক নং-৬৮৯, তারিখঃ ০১/১২/২০১৫ মোতাবেক জারীকৃত বিভাজনের আলোকে আগামী ৩০/০৫/২০১৬ তারিখের মধ্যে সকল কাগজপত্র যথাযথভাবে যাচাই বাছাই ও সত্যায়িত করে ব্যয় মঞ্জুরীর পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Mumtaz
১২-৫-২০১৬
(মোহাম্মদ এনামুল হক এনা)
যুগ্মসচিব
ফোন-৯৫৬৭৬০০

সিভিল সার্জন/তত্ত্বাবধায়ক (সকল)

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ১। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ২। অতিরিক্ত সচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। যুগ্মসচিব (হাসপাতাল) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।